

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১৪, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, গভীর উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর ৩-শাখা

প্রজাপন

তারিখ, ২৭শে কার্তিক ১৪০৯/১১ই নভেম্বর ২০০২

এস, আর, ও নং ৩০৮ আইন/২০০২—যেহেতু সরকার অন্ত বিভাগের প্রজাপন নং এস, আর, ও ২৫৭-আইন/২০০২, তারিখ ২১ সেপ্টেম্বর, ২০০২ ইংরেজী মোতাবেক ৬ আধিন, ১৪০৯ বাংলা দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উন্নিষ্ঠিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রত্যাবস্থালিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্য রাজশাহী জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল ; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন ; এবং

যেহেতু সরকার উক্ত প্রতিবেদন বিবেচনাত্ত্বে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ;

সেহেতু Paurashava Ordinance, 1977 (Ordinance No. XXVI of 1977) এর section 4(a) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ৩০ কার্তিক ১৪০৯ বাংলা মোতাবেক ১৪ নভেম্বর, ২০০২ ইংরেজী তারিখ হইতে মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) কর্পোরেশন ঘোষণা করিল ; এই মিউনিসিপ্যালিটি কাঁকনহাট মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

(৪৬৮৯)

মূল্য : টাকা ১.০০

## তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে.এল নং	দাগ নং
১	২	৩	৪	৫
(১)	পাকড়ী	ঘিয়াপুর	১৮	১—৪১৮
(২)	পাকড়ী	জয়কৃষ্ণপুর	১১১	১—৫৬২
(৩)	পাকড়ী	পাঁচগাছিয়া	১১২	১—৩০৮
(৪)	পাকড়ী	চকবোনাই	১১০	১—৪৬৫
(৫)	পাকড়ী	সুন্দরপুর	১১৩	১—৮১০, ৮৩১—৫৬৪, ৫৬, ১—১২৪৬
(৬)	পাকড়ী	কাদিপুর	১১৪	১—১৮৬
(৭)	পাকড়ী	আশুলপুর	১৫০	১—২৮১
(৮)	পাকড়ী	ইসমাইলপুর	১৪৯	১—২৪০
(৯)	পাকড়ী	ত্রাঙ্কনগাম	১১৫	১—৪২০
(১০)	রিশিকুল	রসূলপুর কুমেদপুর	১৩৬	১—৮৮১
(১১)	রিশিকুল	কাঁকন	১৪৮	১—৮৭৭, ১০০১—১৩৪৮
(১২)	রিশিকুল	তালাই (অংশ)	৩৭৭	১০০০—১৫৫০, ১৬৪৩—১৬৪৬,
		(মহল্লা সুরসুনি পাড়া ও বেল পুর)		১৬৪৯—১৬৭২
(১৩)	রিশিকুল	মহাদেবপুর (১৪৭)	১৪৭	১—৫৩২
(১৪)	রিশিকুল	তিলাহারী	১৪৫	১—৭১০
(১৫)	রিশিকুল	নোদাপুর	১৩৭	১—৬১৯

রাষ্ট্রপতির আদেশত্ত্বমে

মোঃ ফজলুল হক  
যুগ্ম-সচিব (উঃ)।

আবদুল মালেক, উপ-নিয়ন্ত্রক (ভারপ্রাণ), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
 মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,  
 তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।